DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 22/B, Faruk Sarani Road, Nikunja-2,
Dhaka-1229, Bangladesh.
Phone: +88028900110-111, 8900820-23
Fax: +88028900100
E-mail: info@desco.org.bd; mddesco@desco.org.bd
Web: www.desco.org.bd

Date: March 31, 2013
Memo No. DESCO/HQ/ADMIN/-A(3)/OO-3/2013/951

S & D Uttara ... DESCO
Received No. 267
Date 01.04.13

আন্তঃঅফিস স্মারক

প্রতিঃ

১। মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রজেক্ট/নেটওয়ার্ক অপারেশন/সংগ্রহ)।
২। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি /প্রশাসন)/(উত্তরা/গুলশান/মিরপুর জোন)।
৩। ব্যবস্থাপক, বি ও বি বিভাগ (কাফরুল/পল্লবী/আগারগাঁও/শাহআলী/মনিপুর/রূপনগর/উত্তরা(পূর্ব-পশ্চিম)/টঙ্গী(পূর্ব-পশ্চিম)/গুলশান/বারিধারা/জোয়ার সাহারা/বাড্ডা/দক্ষিণখান/উত্তরখান)।

হতে ঃ মহাব্যবস্থাপক (প্রশাসন), ডেসকো।

বিষয়ঃ মন্ত্রিসভা-বৈঠক/উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্রঃ নং-২৭. ০৫১. ০১৬. ০১. ০০. ০০৩. ২০১০(অংশ-২)-১১৭, তারিখঃ ২০/০১/২০১৩ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয় -১ শাখা কর্তৃক প্রেরিত মন্ত্রিসভা-বৈঠক/উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্তে প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত পত্রের কপি অত্রসাথ সংযুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। এতদসংক্রান্ত বিষয়ে কার্যক্রম সমূহের অগ্রগতি অত্র দপ্তরকে অবিলম্বে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(মোঃ সফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

DMCO
DM(IT)
Take n/a PL.
4/04/13

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

অনুলিপিঃ

১। পরিচালক (প্রশাসন/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/ সংগ্রহ /অর্থ ও হিসাব)।
২। স্টাফ অফিসার টু এমডি।
৩। অফিস কপি।

অতি-জরুরী
ফ্যাক্সযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-১ শাখা
(website-www. powerdivision. gov. bd)

নং-২৭. ০৫১. ০১৬. ০১. ০০. ০০৩. ২০১০(অংশ-১)- ৯৯৭ তারিখ ঃ ২০/০১/২০১৩।

বিষয় ঃ মন্ত্রিসভা-বৈঠক/উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রসঙ্গে।

সূত্র ঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৩১২.১৬.০০১.২০১২-১০৩ তারিখ ঃ ১৮ মার্চ ২০১৩।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের অনুলিপি এর সাথে প্রেরণ করা হলো।

০২। পত্রে বর্ণিত মন্ত্রিসভা-বৈঠক/উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫/০৩/২০১৩ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে এ বিভাগে ই-মেইলযোগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

(মোঃ আনোয়ারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১১০৫১
(anwarsaspd@yahoo.com)

বিতরণ ঃ জ্যেষ্ঠতারক্রমানুসারে নয় ঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।
(দৃ. আ. জনাব মোঃ আজিজুল ইসলাম, সচিব)
০২। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
(দৃ. আ. জনাব মোঃ কায়সার আহমেদ, পরিচালক, পরিকল্পনা ও কার্যক্রম)
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, ২২/বি ফারুক স্বরনী, নিকুঞ্জ-২ জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্টজোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোং লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা।
০৬। উপ-সচিব, নবায়নযোগ্য জ্বালানী/বিধি ও নবায়নযোগ্য জ্বালানী/বিদ্যুৎ সাশ্রয়ক, অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ. আ. জনাব মোঃ আজাদুর রহমান মল্লিক, উপ-সচিব, মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখা)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।

ক্রঃ	বাস্তবায়নাধীন সিদ্ধান্ত
১	মসবৈ-৩৬(০৮)/২০০৯ তারিখঃ ২৪ আগস্ট ২০০৯ বিষয়ঃ সৌর শক্তি, Concentrated Flourocent Lamp (CFL) বাল্ব এর ব্যবহার এবং বিদ্যুৎ সাশ্রয়ী কার্যক্রম গ্রহণ। সিদ্ধান্তঃ ১৭.১। মন্ত্রিসভা বৈঠকে সৌর শক্তি, Concentrated Flourocent Lamp (CFL) বাল্ব এর ব্যবহার এবং বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা হইলঃ (ক) সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে Concentrated Flourocent Lamp (CFL) বাল্ব ব্যবহার পর্যায়ক্রমে বাধ্যতামূলক করা। (খ) সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৩ বৎসরের মধ্যে পর্যায়ক্রমে বৈদ্যুতিক বাতি ও ফ্যান চালাইবার জন্য সৌর প্যানেল স্থাপন করিয়া নিজস্ব বিদ্যুৎ উৎপাদনের পদক্ষেপ গ্রহণ। (ঙ) বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সৌর বিদ্যুৎ, CFL বাল্ব ও Electronic Balast ব্যবহার উৎসাহিত করিতে ব্যাপক প্রচারণা কার্যক্রম গ্রহণ করা। (চ) পর্যায়ক্রমে Incandecent Bulb ও রান্নার কাজে ব্যবহৃত বৈদ্যুতিক হিটার উৎপাদন বন্ধ করা। (ছ) স্বল্পমূল্যে সৌর প্যানেল এবং CFL বাল্ব ও Electronic Balast প্রাপ্তির লক্ষ্যে এই গুলির উৎপাদনে বিভিন্নভাবে সহযোগিতা ও উৎসাহ প্রদান করা। (জ) সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে দৈনিক অন্তত ১ ঘন্টা শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (A.C.) না চালানোর এবং দিনের বেলা লাইট না জ্বালাইয়া সূর্যের আলোতে কাজ (যেখানে সম্ভব) করিবার নির্দেশ প্রদান করা। (ঝ) সরকারি-বেসরকারি সকল এয়ারকুলার ২৪° সেলসিয়াস বা তাহার উর্ধ্ব তাপমাত্রায় ব্যবহার করা। (ট) রান্নার কাজে বৈদ্যুতিক হিটার ব্যবহার নিরুৎসাহিত করা। (ঠ) শিল্প কারখানার অফিসে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে সৌর বিদ্যুৎ ব্যবহারে উৎসাহিতকরণ। ১৭.২। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অনুমোদিত প্রস্তাবসমূহ বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবে।
২	মসবৈ-২৩(০৭)/২০১২ ,তারিখঃ ০৩ জুলাই ২০১২ বিবিধ বিষয়ঃ সরকারের বিভিন্ন কর্মসূচিতে সোলার প্যানেল স্থাপন অন্তর্ভুক্তকরণ। আলোচনাঃ ২৪। দেশে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে সোলার প্যানেল স্থাপনের নিমিত্ত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হইতেছে। এই প্রেক্ষাপটে গ্রামীণ হাট-বাজার ও গ্রোথ সেন্টারসমূহে পর্যায়ক্রমে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যাইতে পারে। স্থানীয় সরকার বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ গ্রামীণ অবকাঠামো উন্নয়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করিয়া থাকে। এই সকল কর্মসূচি-সংশ্লিষ্ট নীতিমালায় অবকাঠামো উন্নয়নের আওতায় সোলার প্যানেল স্থাপনের বিষয়টি অন্তর্ভুক্ত করা হইলে তাহা সোলার প্যানেলের ব্যবহার বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখিতে সক্ষম হইবে বলিয়া আশা করা যায়। বিদ্যুৎ বিভাগ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে নিবিড় যোগাযোগের মাধ্যমে গ্রামীণ অবকাঠামো নির্মাণ সংক্রান্ত নীতিমালায় সোলার প্যানেল স্থাপনের বিষয়টি অন্তর্ভুক্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করিতে পারে। সিদ্ধান্তঃ ২৫। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনার আলোকে বিদ্যুৎ বিভাগ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে যোগাযোগের মাধ্যমে পল্লী এলাকার হাট-বাজারে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করিবে।
৩	মসবৈ-০৬(০২)/২০১৩, তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৩ বিষয়-১: ১৯৭৫ সালের আগস্ট ২০ হইতে ১৯৭৯ সালের এপ্রিল ৯ পর্যন্ত এবং ১৯৮২ সালের মার্চ ২৪ হইতে ১৯৮৬ সালের নভেম্বর ১০ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশকে আইনে পরিণত করিবার প্রস্তাব সংবলিত বিলসমূহ অনুমোদন। সিদ্ধান্ত: ১৪। ১৫ আগস্ট ১৯৭৫ হইতে ৯ এপ্রিল ১৯৭৯ পর্যন্ত এবং ২৪ মার্চ ১৯৮২ হইতে ১১ নভেম্বর ১৯৮৬ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করিতে হইবে।
৪	মসবৈ-২২(৭)/২০০০, তারিখঃ ০৩-০৭-২০০০। বিবিধ বিষয়- ১০ঃ প্রচলিত আইনসমূহ বাংলায় ভাষান্তর ।

	সিদ্ধান্তঃ ১২। বৃটিশ ও পাকিস্তান আমলের অনেক আইন এখনও বাংলাদেশে প্রচলিত আছে। এই সকল আইন ইংরেজি ভাষায় প্রণীত। স্বাধীনতা উত্তর বাংলাদেশেও অনেক আইন ইংরেজি ভাষায় প্রণীত হইয়াছে। ইংরেজি ভাষায় প্রণীত আইন সাধারণ মানুষের নিকট সহজবোধ্য নহে। এই আইনসমূহের অনুমোদিত বাংলা ভাষান্তর করিবার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। মন্ত্রিসভা সিদ্ধান্ত গ্রহণ করে যে দেশে প্রচলিত ইংরেজি ভাষায় প্রণীত সকল আইনের অনুমোদিত বাংলা ভাষান্তর করণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।
৫	মসবৈ-১৪(৪)/২০০৩, তারিখঃ ২১-৪-২০০৩। বিষয়ঃ ৩ (তিন) বৎসর পূর্বের বকেয়া আবাসিক সকল ইউটিলিটি বিল তামাদি ঘোষণা সংক্রান্ত। ১১। এই বিষয়ে সচিব কমিটির সুপারিশ কিঞ্চিৎ সংশোধনক্রমে এবং অতিরিক্ত সুপারিশসহ অনুমোদন করা হইল। অনুমোদিত সুপারিশসমূহ হইল: (ক) প্রত্যেক ইউটিলিটি সংস্থাকে পূর্ববর্তী পঞ্জিকা বৎসরসহ পূর্বের সকল বকেয়া বিল উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র পঞ্জিকা বৎসর শেষ হইবার ৬ (ছয়) মাসের মধ্যে অর্থাৎ ৩০ জুনের মধ্যে গ্রাহক/ভোক্তাকে প্রদান করিতে হইবে। প্রত্যয়নপত্রে বকেয়া পাওনা টাকার পরিমাণ বৎসরওয়ারি সুনির্দিষ্টভাবে উলেখ করিতে হইবে। যদি কোন বকেয়া না থাকে, সেই ক্ষেত্রে "গ্রাহকের নিকট আর কোন পাওনা নাই, গ্রাহকের সকল বিল পরিশোধিত"-এই মর্মে প্রত্যয়নপত্র দিতে হইবে। যদি কোন বিল/প্রত্যয়নপত্রের উপর গ্রাহকের আপত্তি থাকে, তবে বিল/প্রত্যয়নপত্র প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে গ্রাহককে সংশ্লিষ্ট ইউটিলিটি সংস্থার নিকট লিখিতভাবে আপত্তি উত্থাপন করিতে হইবে। সংশ্লিষ্ট ইউটিলিটি সংস্থা লিখিত আপত্তি পাওয়ার পরবর্তী ২১ (একুশ) দিনের মধ্যে এই আপত্তি নিষ্পত্তি করিয়া তাহাদের চূড়ান্ত/সংশোধিত দাবী গ্রাহককে অবহিত করিবে। যদি চূড়ান্ত/সংশোধিত বিল/প্রত্যয়নপত্রের উপর গ্রাহকের কোন আপত্তি না থাকে, তবে গ্রাহক তাহা পরবর্তী ১ (এক) মাসের মধ্যে পরিশোধ করিবে। (খ) যদি ইউটিলিটি সংস্থা কর্তৃক প্রদত্ত চূড়ান্ত/সংশোধিত বিল/ প্রত্যয়নপত্রের উপর কোন আপত্তি থাকে, তবে বিল/প্রত্যয়নপত্র প্রাপ্তির পর দাবীকৃত বকেয়া বিলের ২০% পরিশোধপূর্বক ২১ (একুশ) দিনের মধ্যে গ্রাহককে সংশ্লিষ্ট ইউটিলিটি কমিশনে আবেদন করিতে হইবে। কমিশন আবেদন প্রাপ্তির ৪৫ (পঁয়তালিশ) দিনের মধ্যে তাহা নিষ্পন্ন করিবে এবং কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। অন্যরূপ সুনির্দিষ্ট সিদ্ধান্ত না থাকিলে গ্রাহককে কমিশনের সিদ্ধান্ত প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) মাসের মধ্যে বকেয়া বিল পরিশোধ করিতে হইবে। অন্যায় সংশ্লিষ্ট গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করাসহ ইউটিলিটি সংস্থা অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে। (গ) বিল/প্রত্যয়নপত্রের উপর কোন আপত্তি না থাকিলে বিল/প্রত্যয়নপত্র পাওয়ার এক মাসের মধ্যে গ্রাহককে বিল পরিশোধ করিতে হইবে। এক মাসের মধ্যে বিল পরিশোধ না করা হইলে গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করাসহ ইউটিলিটি সংস্থা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে। (ঘ) ৩০ জুনের মধ্যে যদি গ্রাহককে প্রত্যয়নপত্র প্রদান করা না হয়, তাহা হইলে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। (ঙ) প্রথম বৎসর হিসাবে ২০০২ পঞ্জিকা বৎসরে প্রত্যয়নপত্র ইউটিলিটি সংস্থাকে ৩১ অক্টোবর ২০০৩ তারিখের মধ্যে প্রদান করিতে হইবে এবং বিল পরিশোধ ও আপত্তি প্রদান ইত্যাদির সময় যথারীতি ৩১ অক্টোবর ২০০৩ হইতে গণনা করা হইবে।